



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
তাড়াশ, সিরাজগঞ্জ।  
tarash.sirajganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৮৯.০০০.১৩.০০১.২৩.৯৮

তারিখ : ১৭ মাঘ ১৪২৯  
৩১ জানুয়ারি ২০২৩

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং : ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ : ২১/০৯/২০১১ খ্রিঃ এর মাধ্যমে সরকারী হাট/বাজারসমূহের ইজারা পদ্ধতি ব্যবস্থাপনা সংক্রান্ত সর্বশেষ নীতিমালার আলোকে তাড়াশ উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নবর্ণিত হাট/বাজারসমূহ বাংলা ১৪৩০ বঙ্গাব্দ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে বর্ণিত ক্যালেন্ডার ও শর্তাবলীর ভিত্তিতে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের পূর্ব দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত যথাক্রমেঃ (১) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাড়াশ (৩) উপজেলা ভূমি অফিস, তাড়াশ (৪) সোনালী ব্যাংক লিঃ, তাড়াশ শাখা এবং (৫) তাড়াশ থানা (পুলিশ স্টেশন) হতে দরপত্র ফরম ক্রয় করা যাবে। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন জানা যাবে।

**ক্যালেন্ডার**


দরপত্র দাখিলের তারিখ, সময় সূচী এবং হাট/বাজারের নামসমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	হাট/বাজারের নাম	বাংলা ১৪৩০ সালের সরকারি মূল্য	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র দাখিলের তারিখ (সময়: দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত)		
				১ম বার	২য় বার	৩য় বার
১	২	৩	৪	৫	৬	৭
১.	নওগাঁ হাট	২,৬১,০৫,৭১৭/-	৫৩,০০০/-	২৩/০২/২০২৩	১৩/০৩/২০২৩	২৮/০৩/২০২৩
২.	গুন্টা হাট	১৭,০০,৯৪৮/-	৪,২০০/-	ক্র	ক্র	ক্র
৩.	মহিষলুটি বাজার	৩৭,৮১,০৫৭/-	৮,২০০/-	ক্র	ক্র	ক্র
৪.	নাদোসৈয়দপুর হাট	৭,১৯,৮১১/-	২,২০০/-	ক্র	ক্র	ক্র
৫.	বারুহাস হাট	৬,৬৬,৬৬৯/-	২,০০০/-	ক্র	ক্র	ক্র
৬.	বিনসাড়া হাট	৬,৪৪,৩৭৪/-	২,০০০/-	ক্র	ক্র	ক্র
৭.	কাটাগারি হাট	৫,০৪,৪৩২/-	১,৮০০/-	ক্র	ক্র	ক্র
৮.	বস্তল হাট	৩,৫৪,৯৯৪/-	১,৪০০/-	ক্র	ক্র	ক্র
৯.	হামকুড়িয়া চৌরাস্তা হাট	২,৭৫,৯৫৩/-	১,২০০/-	ক্র	ক্র	ক্র
১০.	দিঘী সগুনা হাট	১,২৪,৯০৩/-	১,০০০/-	ক্র	ক্র	ক্র
১১.	গুড়পিপুল হাট	১,৩৯,০৭৮/-	১,০০০/-	ক্র	ক্র	ক্র
১২.	বিনোদপুর হাট	২,৩০,৯০৩/-	১,২০০/-	ক্র	ক্র	ক্র
১৩.	দেওড়া হাট	৫১,৯০৮/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
১৪.	ধোপাগাড়ী বাজার	৬৯,৫০১/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
১৫.	বড়মারদক্ষিণা হাট	১,৪৯,৮৫৪/-	১,০০০/-	ক্র	ক্র	ক্র
১৬.	মাধাইনগর হাট	৬৫,৭২০/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
১৭.	হামকুড়িয়া হাট	১৮,৪৬২/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
১৮.	আড়ংগাইল হাট	১,৩০,৮২৯/-	১,০০০/-	ক্র	ক্র	ক্র
১৯.	কৃষ্ণদিঘী হাট	৬,০০২/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২০.	কুন্দইল হাট	৬৫,০৮৪/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২১.	দেবিলা হাট	১৭,৫৯৬/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২২.	বোয়ালিয়া হাট	৬,৬৬০/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২৩.	ভায়াট হাট	৩,০৭৪/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২৪.	ধামাইচ হাট	১,৯৩,৮৯৭/-	১,০০০/-	ক্র	ক্র	ক্র
২৫.	গোস্তা বিশেষ বাজার	৭,০৩,৪৯৩/-	২,২০০/-	ক্র	ক্র	ক্র
২৬.	মানিক চাপড় বিশেষ মৌসুমী বাজার	৮৬,৪৫৭/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২৭.	ধাপতেতুলিয়া বিশেষ মৌসুমী বাজার	৯,০৮১/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২৮.	সান্দুরিয়া বিশেষ মৌসুমী বাজার	৫,৫৭৩/-	৫০০/-	ক্র	ক্র	ক্র
২৯.	খালকুলা বিশেষ হাট	২,১৮,৫৪৬/-	১,২০০/-	ক্র	ক্র	ক্র

উল্লেখ্য, ১ম বারের দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ২য় বার ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ২য় বারের দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ৩য় বার ঐ হাট-বাজারটির দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

**তাড়াশ উপজেলার ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :**

- (১) বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- (২) দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে “উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ” এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাৰ্পণ করা হইবে।
- (৩) যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (কোড নম্বর: ১-১১৪১-০১৪০-০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নম্বর: ১-১১৩৩-০০২০-০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
- (৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে। এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।
- (৫) এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- (৬) খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- (৭) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চিট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- (৮) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- (৯) ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না।
- (১০) ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করিতে হইবে।
- (১১) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- (১২) ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- (১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- (১৪) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (১৫) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
- (১৬) হাট-বাজারের ইজারার টাকা অনাদায়ে সরকারী দাবি আদায় অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।
- (১৭) চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল হইবে।
- (১৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
 (মোঃ শেখবাবুল করিম)  
 পরিচিতি নম্বর: ১৭৫১৬  
 উপজেলা নির্বাহী অফিসার  
 তাড়াশ, সিরাজগঞ্জ


স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৮৯.০০০.১৩.০০১.২৩.৯৮/১(১০০)

তারিখ : ১৭ মাঘ ১৪২৯  
৩১ জানুয়ারি ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩।
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ব-ক-১২(২য় তলা), শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... (সকল), সিরাজগঞ্জ।
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল) সিরাজগঞ্জ।

- ১১। প্রশাসক, তাড়াশ পৌরসভা, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১২। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১৩। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, সিরাজগঞ্জ।
- ১৪। উপজেলা..... অফিসার (সকল), তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। ব্যবস্থাপক ..... ব্যাংক, তাড়াশ শাখা/পোস্ট মাস্টার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ১৭। চেয়ারম্যান/সচিব..... ইউ,পি (সকল), তাড়াশ। তাকে হাট/বাজার ও জনবহুল স্থানসমূহে টোলসহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস (সকল), তাড়াশ। তাকে হাট/বাজার ও জনবহুল স্থানসমূহে মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং জারীর প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য বলা গেল।
- ১৯। জনাব..... বাংলা ১৪২৯ সালের ইজারাদার..... হাট/বাজার।
- ২০। বিজ্ঞাপন ম্যানেজার/সম্পাদক..... পত্রিকা.....। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তির প্রথম পাতা তার পত্রিকায় একদিনের জন্য প্রকাশনার জন্য অনুরোধ করা হলো।
- ২১। অত্রফিসের নোটিশ বোর্ড।

  
 উপজেলা মিবাই অফিসার  
 তাড়াশ, সিরাজগঞ্জ।  
 ৩১/০৩/২০২৩